মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কলেজ শাখা

www.sylhetboard.gov.bd

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৩০০.৫১.০০২.২০.৭৩

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮

২৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে Online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সূচি।**

সূত্র: বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির স্মারক নং- বিবিধ/কলেজ/২০২০/৩১২ তারিখঃ ২২/০২/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে Online এর মাধ্যমে ভর্তির লক্ষ্যে পুনরায় (সর্বশেষ) ৪র্থ ধাপে আবেদন গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: (http:// www.xiclassadmission.gov.bd) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ১০(দশ) টি কলেজে আবেদন করতে হবে।

**২০২১-২০২২ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে Online এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবেঃ**

১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করে কলেজ সিলেকশন পায়নি;

২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে কলেজে ২৪/০২/২০২২ তারিখের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করতে পারেনি;

৩। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ২০২১ সালের এসএসসি সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা;

**২০২১-২২ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে Online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবে:**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ | ২৬/০২/২০২২ (শনিবার) থেকে ২৭/০২/২০২২ (রবিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ২ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন যাচাই বাছাই | ২৮/০২/২০২২ ( সোমবার) |
| ৩ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ০১/০৩/২০২২ (মঙ্গলবার রাত ৮:০০ টায়) |
| ৪ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন ও কলেজে ভর্তি | ০২/০৩/২০২২ (বুধবার) থেকে ০৩/০৩/২০২২(বৃহস্পতিবার বিকাল ৫:০০ পর্যন্ত) |

বিঃদ্রঃ উল্লেখ্য, ''২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেনিতে ভর্তির নীতিমালা -২০২১'' অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৩-২-২০২২

ড. সৈয়দ মোয়াজ্জম হুসেন

কলেজ পরিদর্শক

ইমেইল: chairmanbisesyl@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।